

সুরাটে একটি মাল্টি-স্পেশালিটি হাসপাতাল এবং হীরে উৎপাদনকেন্দ্রের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৭এপ্রিল, ২০১৭

আজ সুরাটে কিরণ মাল্টি-স্পেশালিটি হাসপাতালের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। মেসার্স হরে কৃষ্ণ এক্সপোর্টস প্রাঃ লিঃ-এর একটি হীরে উৎপাদনকেন্দ্রেরও এদিন উদ্বোধন করেন তিনি।

হাসপাতাল স্থাপনের এই উদ্যোগকে “প্রশংসনীয়” বলেবর্ণনা করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই অত্যাধুনিক হাসপাতাল স্থাপনের ফলে নাগরিকরা বিশেষভাবে উপকৃত হবেন। দরিদ্র সাধারণ মানুষের কাছে উন্নতমানের চিকিৎসার সুযোগ সুলভে পৌঁছে দেওয়ার ওপর বিশেষ জোর দেন তিনি। এই প্রসঙ্গে বিভিন্ন ধরনের ওষুধ এবং স্টেন্টের দাম কমানোর লক্ষ্যে কেন্দ্রীয় সরকার যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করেছে তারও উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

শ্রী মোদী বলেন যে দরিদ্র এবং মধ্যবিত্ত মানুষের কাছে সুলভ স্বাস্থ্য পরিচর্যার সুযোগ পৌঁছে দিতে তিনি বদ্ধপরিকর। প্রতিরোধমূলক স্বাস্থ্য ও চিকিৎসার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে তিনি বলেন যে এক সুস্থ ভারত গড়ে তোলার লক্ষ্যেই সূচনা হয়েছে স্বচ্ছ ভারত অভিযানের।

সুরাটে হীরে উৎপাদনকেন্দ্রের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, এই বিশেষ শিল্পক্ষেত্রটিতে সুরাটের যথেষ্ট সুখ্যাতি রয়েছে। কিন্তু এর বাইরেও অন্যান্য রত্ন ও অলঙ্কার শিল্পের দিকেও এখন নজর ফেরানো দরকার। রত্ন ও অলঙ্কার শিল্পে আমাদের লক্ষ্য শুধুমাত্র ‘মেক ইন ইন্ডিয়া’ই নয়, একইসঙ্গে ‘ডিজাইন ইন ইন্ডিয়া’ও।